



Since 1972

চেয়ারম্যান, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

এবং

সহকারী কার্যনির্বাহী, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

ক্যাম্প অফিস, ময়মনসিংহ

এবং মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
বাণিজ্য মন্ত্রণালয়



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী কার্যনির্বাহী, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
ক্যাম্প অফিস, ময়মনসিংহ

এবং

চেয়ারম্যান, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০১৬ – ৩০ জুন ২০১৭

সূচিপত্র

ক্যাম্প অফিস, ময়মনসিংহ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র.....	৩
উপক্রমনিকা	৮
সেকশন ১: ক্যাম্প অফিস, ময়মনসিংহ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ	
এবং কার্যাবলি.....	৫
সেকশন ২: কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.....	৬
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms).....	৮
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ এবং বাস্তবায়নকারী ও পরিমাপন পদ্ধতি.....	৯
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার ওপর নির্ভরশীলতা	১০

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, ক্যাম্প অফিস, ময়মনসিংহ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Trading Corporation of Bangladesh,
Camp Office, Mymensingh)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ : ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, ক্যাম্প অফিস, ময়মনসিংহ প্রধানত চিনি, ভোজ্য তেল ও মশুর ডাল সারা বছরব্যাপি এবং ছোলা ও খেজুর রমজান মাসে সাশ্রয়ী মূল্যে ভোক্তা সাধারণের নিকট বিক্রয় করে। তাছাড়া কোন নিয়প্রয়োজনীয় পণ্যের বাজার মূল্য অস্থিতিশীল হয়ে পড়লে সরকারের নির্দেশনা মতে তা সাশ্রয়ী মূল্যে ভোক্তা সাধারণের নিকট বিক্রয় করে। বিগত বছরগুলোতে ময়মনসিংহ মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ে টিসিবি'র পণ্যের উপস্থিতি নিয়প্রয়োজনীয় পণ্যসমূহের বাজার মূল্য স্থিতিশীলতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। বিশেষ করে রমজান মাসে ও সৈদ-উল-আয়হার পূর্বে চিনি, ভোজ্য তেল, মশুর ডাল, ছোলা, খেজুর ও পেঁয়াজ নিয়ে ময়মনসিংহ মহানগরে গড়ে ০৫টি ও ময়মনসিংহ আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন জেলা শহরে গড়ে প্রায় ০২টি ভ্রাম্যমাণ ট্রাকের মাধ্যমে সাশ্রয়ী মূল্যে ভোক্তা সাধারণের নিকট নিয় প্রয়োজনীয় পণ্য সামগ্রী বিক্রয় করে বাজার মূল্য স্থিতিশীল রাখতে সহায়তা করেছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :

ক্যাম্প অফিস, ময়মনসিংহ এর আওতাধীন ভাড়া গুদামগুলো দীর্ঘদিনের পুরাতন হওয়ায় এ সকল গুদামে দীর্ঘদিন ধরে পণ্য মজুদ রাখা হলে পণ্যের গুণগত মান অক্ষুণ্ন রাখা কঠিন হয়ে পড়ে। এছাড়া, টিসিবি'র পণ্য ডিলারদের নিকট বিক্রয়ের পূর্ব নির্ধারিত কোন সময় না থাকায় এবং নিয়মিত পণ্য সরবরাহ না করায় ডিলারদের টিসিবি'র প্রতি আগ্রহ হাস পাওয়া। এছাড়া পরিত্র রমজান মাস ও সৈদ-উল-আয়হা উপলক্ষ্যে টিসিবি'র ডিলারদের ও ভোক্তা সাধারণের চাহিদা মোতাবেক পর্যাপ্ত পণ্য সরবরাহ করতে না পারার কারণে বিরূপ পরিস্থিতির সম্মুখীন হওয়া। সর্বোপরি ডিলারদের নিয়মিত নবায়ন না করা, নিয়মিত পণ্য উত্তোলন না করা ও হঠাতে চাহিদার সৃষ্টির ফলে মজুদ, চাহিদা ও সরবরাহের মধ্যে অসামঞ্জস্যতা তৈরী হওয়া।

ভবিষ্যৎ পরিকল্পনা :

- ক্যাম্প অফিস, ময়মনসিংহ এর আওতাধীন নবায়নযোগ্য ডিলারদের মধ্যে অন্তত ৮০% ডিলারের ডিলারশীপ নবায়ন করা।
- অঞ্চল ভিত্তিক সুষমভাবে টিসিবি'র পণ্য সরবরাহ করা।

২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- ক্যাম্প অফিস, ময়মনসিংহ এর ডিলারদের সাথে যান্মাসিক মত বিনিময়করণ;
- ক্যাম্প অফিস, ময়মনসিংহ এর বাংসরিক কার্যক্রমের উপর প্রতিবেদন দাখিলকরণ;

উপক্রমনিকা (Preamble)

সহকারী কার্যনির্বাহী, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
ক্যাম্প অফিস, ময়মনসিংহ

এবং

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর চেয়ারম্যান এর মধ্যে ২০১৬ সালের জানুয়ারি
মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সমত হলেন:


Md. Md. Shariful Islam

8


Md. Md. Shariful Islam

